ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৪৮৮

আগরতলা,২৯ ডিসেম্বর,২০২৫

# ১৩ দিনব্যাপী আগরতলা বইমেলায় থাকবে নানা অনুষ্ঠান

আগামী ২ জানুয়ারি থেকে হাপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হচ্ছে ৪৪তম আগরতলা বইমেলা। ১৩ দিনব্যাপী এই মেলার সমাপ্তি হবে ১৪ জানুয়ারি। বইমেলা উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাধ্যমে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এরমধ্যে রয়েছে রাজ্যের ৮টি জেলার কবিদের নিয়ে কবি সম্মেলন, বিভিন্ন বিষয়ে আলোচনাচক্র, বই প্রকাশ, ক্যুইজ ও আকস্মিক বক্তৃতা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি। এছাড়াও একদিন থাকবে ককবরক ভাষার এবং অন্যান্য ভাষার কবিদের নিয়ে কবি সম্মেলন। ১৩দিনব্যাপী বইমেলায় যে সব বিষয় নিয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হবে সেগুলির মধ্যে উল্লেখযোগ্য হলো ‘জন্মশতবর্ষে এম.এস. স্বামীনাথন কৃষিক্ষেত্রে আত্মনির্ভরতার পথিকৃৎ’, ‘৭৫ বছরের ভারতীয় সংবিধান’, ‘শতবর্ষের আলোকে মহাশ্বেতা দেবী’, ‘সংবাদমাধ্যমে আধুনিক প্রযুক্তি হিসেবে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগ’, ‘পরিব্রাজক বিবেকানন্দ’, ‘বন্দেমাতরম- শিল্পী ও সাহিত্যিকদের চোখে’, ‘বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা ও সমাধান’ ইত্যাদি। এছাড়াও বইমেলায় বিশ্ববিদ্যালয় স্তরে ছাত্রছাত্রীদের নিয়ে হবে বিতর্ক প্রতিযোগিতা, মহাবিদ্যালয় স্তরে ছাত্রছাত্রীদের নিয়ে হবে আকস্মিক বক্তৃতা, বিদ্যালয় স্তরে ছাত্রছাত্রীদের নিয়ে থাকবে ক্যুইজ প্রতিযোগিতা। এছাড়াও প্রতিদিন সন্ধ্যায় রাজ্যের বিভিন্ন জেলার শিল্পীদের দ্বারা পরিবেশিত হবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

*****